তারিখ 0 2 DEC 1989
পৃষ্ঠা... ২ ....কলাম ... ৭

দৈনিক সংবাদ

# এস এম হলের সকল আবাসিক শিক্ষকের পদত্যাগপত্র পেশ

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের এস এম হলের সকল আবাসিক শিক্ষক গতকাল শুক্রবার উপাচার্যের কাছে একযোগে পদত্যাগপত্র পেশ করেছেন।

বুধবার রাতে হলের ছাত্র আরিফ গুলীবিদ্ধ হয়ে নিহত হবার পরিপ্রেক্ষিতে বৃহস্পতিবার হলের প্রাধ্যক্ষ পদত্যাগপত্র পেশের পর গতকাল আবাসিক শিক্ষকরাও একই পদক্ষেপ নিলেন। তবে তাদের পদত্যাগের কারণ সম্পর্কে দু'ধরনের বক্তব্য পাওয়া গেছে। একজন সিনিয়র আবাসিক শিক্ষকের সাথে যোগাযোগ করা হলে তিনি বলেন, তারা প্রাধ্যক্ষকে অনুসরণ করেননি, তাদের এ পদক্ষেপের ইস্যু ভিন্ন। তিনি বলেন, পদত্যাগপত্র পেশের আগে প্রাধ্যক্ষ তাদেরকে কিছু জানাননি। অপর এক আবাসিক শিক্ষক জানান, তারা প্রাধ্যক্ষকেই অনুসরণ করেছেন। হলে ছাত্রদের নিরাপত্তাহীনতাই তাদের পদত্যাগের কারণ।

পদত্যাগপত্র পেশকারী প্রাধ্যক্ষ ডঃ কে, এম মোহসিন এবং আবাসিক শিক্ষকদের সাথে উপাচার্য গতকাল পৃথক পৃথকভাবে বসেছিলেন এবং কোন পদত্যাগপত্রই গতকাল পর্যন্ত গৃহীত হয়নি বলে জানা গেছে।